

গল্প ছিল

শুকদেব প্রামাণিক

গল্প আছে অনেক কিছুর

গল্প ছিল পরির

গাছে গাছে নতুন পাতা

কেমন আছে শরীর?

ইচ্ছে করে সুস্থ হলাম

অনিচ্ছেতে রোগ

এখন দেখি সত্যিকারের

দুদিকেই দুর্ভোগ।

গল্প আছে অনেক কিছুর

গল্প ছিল আলোর—

একটা দুটো নদী পেলে

বাসবে তুমি ভালো?

ইচ্ছে করে বলেই দিলাম

অনিচ্ছেরই জমা

একটা পাতা একটু মাটির

সেই তো ভালোবাসা!

ভালোবাসার গল্প ছিল

গল্প আছে নদীর...

সব নদীতেই ঢেউ খেলত

ভালোবাসতে যদি!

জলভূমি

কান্তিরঞ্জন দে

জলতলে শুয়ে আছে কবিতার শব্দ

ভেসে যায় জলশ্রোতে কাগজ, অক্ষর

শব্দের কালো টুকু ধুয়ে যায়

নীরব ছোঁয়ায়।

উদাসীন পাখি উড়ে এসে

ঠোটে করে নিয়ে গেল

শব্দের পাপ।

এখানে বৃষ্কেরা পাহারা দেয়

জলের সম্পদ

হাওয়া এসে দেখে যায়

মানব শরীর।

চুপচাপ ফুলেদের খসে পড়া দেখে

মাছেরাও চুপিসাড়ে হাসে

এখানে আমার তাপ

উড়ে যায় জলজ বাতাসে।

মনের মানুষ

বিশ্বজিৎ রায়

মনের ভিতর একটা মানুষ বাউল - ফকির

ঘুরে বেড়ায় আপন মনে সম্প্রা - সকাল

কাজের ভীড়ে হঠাৎ যখন কড়া নড়ে

গোলার মতো শূণ্যে উড়ে বন্ধ কপাল

লালন-পাগল সুতোর টানে বন্ধ জীবন

ছিঁড়ে ফেলে মিথ্যে পোশাক, মায়াবন্ধন

নেমে পড়ে অচিন পথে নিমাই ডাকে

পড়ে থাকে শূন্যঘরে অলীক ভুবন।